



নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৮০

তারিখ: ১০ বৈশাখ ১৪২৭  
২৩ এপ্রিল ২০২০

### প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ মার্চ ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২ ; ০১ এপ্রিল ২০২০ তারিখের ০৫.০০. ০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৫; ০৫ এপ্রিল ২০২০ তারিখের ০৫.০০. ০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৬ এবং ১০ এপ্রিল ২০২০ তারিখের ০৫.০০. ০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৮ নং প্রজ্ঞাপনে ঘোষিত সাপ্তাহিক ছুটি ও সাধারণ ছুটির ধারাবাহিকতায় আগামী ২৬ এপ্রিল হতে ৩০ এপ্রিল ২০২০ তারিখ এবং ০৩ মে হতে ০৫ মে ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হলো। উক্ত ছুটির সাথে আগামী ০১ ও ০২ মে ২০২০ তারিখের সাপ্তাহিক ছুটিও সংযুক্ত থাকবে।

০২। (ক) জরুরি পরিষেবা, যেমন-বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানী, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এ ছুটির বাইরে থাকবেন;

(খ) সড়ক ও নৌ পথে সকল প্রকার পণ্য পরিবহনের কাজে নিয়োজিত যানবাহন (ট্রাক, লরী, কার্গো ভেসেল প্রভৃতি) চলাচল অব্যাহত থাকবে;

(গ) কৃষি পণ্য, সার, কীটনাশক, খাদ্য, শিল্প পণ্য, রাষ্ট্রীয় প্রকল্পের মালামাল, কাঁচা বাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সবেবের সাথে সংশ্লিষ্ট কর্মীদের ক্ষেত্রে এ ছুটি প্রযোজ্য হবে না;

(ঘ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মী এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মী, গণমাধ্যমে (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া) নিয়োজিত কর্মীগণ এ ছুটির আওতাবহির্ভূত থাকবে;

(ঙ) ঔষধশিল্প, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্পসহ সকল কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য সেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে;


(চ) পরিস্থিতি বিবেচনা করে পরবর্তীতে শিল্প-কারখানা, কৃষি এবং উৎপাদন ও সরবরাহ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলো ও গণপরিবহন পর্যায়ক্রমে উন্মুক্ত করা হবে;

(ছ) ছুটিকালীন কোনো শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না;

(জ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ খোলা থাকবে।

০৩। জনগণের প্রয়োজন বিবেচনায় ছুটিকালীন বাংলাদেশ ব্যাংক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব


ই-মেইল: [reg4@mopa.gov.bd](mailto:reg4@mopa.gov.bd)

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৮০(১০০০)

তারিখ: ১০ বৈশাখ ১৪২৭  
২৩ এপ্রিল ২০২০

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব,----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৬। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
- ১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

  
(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব